লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

**২য় মেধা তালিকা**

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২৯/১১/২০২২ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সের ভর্তি কার্যক্রমে লালমাটিয়া সরকারি মহিলা কলেজে ২য় মেধা তালিকা ৩০ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ০৬ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণের তারিখ: | ৩০/১১/২০২২ থেকে ০৭/১২/২০২২ |
| ২ | জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইট থেকে ভর্তি ফরম পূরণ করার পর শিক্ষার্থীদেরকে www.lalmatiamohilacollege.edu.bd এ ভর্তির লিংকে ক্লিক করে কলেজের (অনলাইনে) নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পূরণকৃত ভর্তি ফরম (২য় মেধা তালিকা) ও ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। ক্লাস রোল/আইডি নম্বর পাওয়ার পর বিকাশ অ্যাপ থেকে এডুকেশন ফি সিলেক্ট করে প্রতিষ্ঠানে নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর সঠিকভাবে লিখে ভর্তির টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উপরোক্ত প্রক্রিয়ায় ভর্তির টাকা কলেজে জমা দেয়ার তারিখ: | ০১/১২/২০২২ থেকে ০৮/১২/২০২২ |

**বিশেষ দ্রষ্টব্য:** ভর্তি ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত) ছাড়া কোন ক্রমেই ভর্তি হওয়া যাবে না। বিকাশের মাধ্যমে টাকা পরিশোধের ক্ষেত্রে অবশ্যই এডুকেশন ফি এর মাধ্যমে পরিশোধ করতে হবে। সেন্ড মানি বা পেমেন্ট এর মাধ্যমে ভর্তি টাকার পরিশোধ করা যাবে না।

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ৬ নং কাউন্টারে উপস্থিত হয়েও (সরকারি ছুটির দিন ব্যতিত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

- ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
  - (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
  - (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
  - (গ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙীন ছবি।
  - (ঘ) স্নাতক (পাস) কোর্সের ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে ০৮/১২/২০২২ খ্রি. তারিখে সংশ্লিষ্ট কাউন্টারে উপরোক্ত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস আগামী ৩০/১১/২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হবে।

২৯/১১/২০২২

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা।

২৯/১১/২০২২

LMC/D/N/Notice of Admission

418

ডিগ্রি (পাস) ১ম বর্ষে নিয়মিত শিক্ষার্থীদের ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):

| ক্রমিক নং | খাতের নাম | বিএ/বিএসএস/বিবিএস |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ২৫/- |
| ২. | বেতন (২৫ × ১২) | ৩০০/- |
| ৩. | বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি-৪৫০, ক্রীড়া ও সংস্কৃতি ফি-২০, বিএনসিসি ফি-৫, রোভার স্কাউট ফি-১০) | ৪৮৫/- |
| ৪. | রেঞ্জার ফি (কলেজ) | ৪০/- |
| ৫. | রোভার স্কাউট ফি (কলেজ) | ১৬/- |
| ৬. | সাহিত্য ও সংস্কৃতি ফি | ৫০/- |
| ৭. | ম্যাগাজিন ফি | ৩০/- |
| ৮. | মসজিদ তহবিল ফি | ৫০/- |
| ৯. | ধর্মীয় অনুষ্ঠান ফি | ৩০/- |
| ১০. | অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি | ৪০/- |
| ১১. | বহিঃ ক্রীড়া ফি | ৫০/- |
| ১২. | কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি | ২০/- |
| ১৩. | চিকিৎসা ফি | ২০/- |
| ১৪. | পরিচয় পত্র ফি | ৩০/- |
| ১৫. | রেড ক্রিসেন্ট ফি | ২০/- |
| ১৬. | লাইব্রেরী ফি | ২৫/- |
| ১৭. | অধিভুক্তি ফি | ৫০/- |
| ১৮. | উন্নয়ন তহবিল ফি | ২০০/- |
| ১৯. | অত্যাবশ্যকীয় শিক্ষক ও কর্মচারী ফি | ৯,০০০/- |
| ২০. | বিবিধ | ১০০/- |
| ২১. | আইসিটি ফি | ২০/- |
| ২২. | বিজ্ঞান ক্লাব ফি | ২০/- |
| ২৩. | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| ২৪. | ডিজিটাল কার্যক্রম | ৪০০/- |
| ২৫. | ইউটিলিটি ফি (বিদ্যুৎ, পানি, গ্যাস ও টেলিফোন) | ৫০০/- |
| | মোট | ১১,৫৭১/- |

এছাড়া ব্যবহারিক পরীক্ষা ফি প্রতি পত্রে ১ দিন ১৩০/- টাকা ও পরবর্তী দিন ৭৫/- টাকা করে এবং অভ্যন্তরীন পরীক্ষা ফি (ইনকোর্স/নির্বাচনী) ৪ ঘন্টা সময়ের পরীক্ষার জন্য প্রতি পত্রে ৫০/- টাকা এবং ৪ ঘন্টার কম সময়ের পরীক্ষার জন্য ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা।
০৮.১১.২০২২